

আজকাল

কলকাতা ১৫ বর্ষিক ১৪১৩ বৃহস্পতিবার ২ নভেম্বর ২০০৬



কলকাতা বাংলা ভারত সম্পাদকীয় খেলা পুরনো সংস্করণ প্রথম পাতা

ওষুধের দাম আদৌ কমছে না আজ থেকে—খুচরো আর পাইকারি বিক্রেতা লাভ রাখেন ২০০ শতাংশ! ॥ হাতকাটা দিলীপ-সহ ৪ জনের যাবৎ

কলকাতা

বেসু: ১৫০ বছর পূর্তির আগেই মর্যাদা বাড়াতে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীকে আর্জি

মুখ্যমন্ত্রীর ফোন, শিল্পায়নের সঙ্গে
সঙ্গতি রেখে প্রধানমন্ত্রীর নির্দেশে
কলকাতাকে ৬০০ কোটি

মধুমিতা দত্ত

বেসু: ১৫০ বছর পূর্তির আগেই
মর্যাদা বাড়াতে রাষ্ট্রপতি,
প্রধানমন্ত্রীকে আর্জি

পথচারীর হৃদরোগ রক্ষাকর্তা
সার্জেন্ট

২৪ নভেম্বর বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-র ১৫০ বর্ষপূর্তি অনুষ্ঠান। তার আগে বেসু-কে আই আই ই এস টি-র সম্মান দেওয়ার আবেদন জানিয়ে চিঠি দেওয়া হল রাষ্ট্রপতি এ পি জে আব্দুল কালাম এবং প্রধানমন্ত্রী মনমোহন সিংকে। বেসু-র ছাত্র ইউনিয়ন, শিক্ষক সমিতি এবং প্রাক্তন ছাত্রদের অ্যাসোসিয়েশন একসঙ্গে এই আবেদন জানিয়েছে। দেশের বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার গুরুত্বপূর্ণ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে পাঁচটিকে বেছে নিয়ে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে (আই আই ই এস টি) উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্র। যার সম্মান আই আই টি-র তুলনায় কিছুমাত্র কম নয়। আর সেই পাঁচটির তালিকায় সবার ওপরে রয়েছে বেসু। তালিকাটা এরকম— বেসু, বেনারস হিন্দু ইউনিভার্সিটি, কোচিন ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি, অন্ধ্র ইউনিভার্সিটি কলেজ অফ ইঞ্জিনিয়ারিং এবং ওসমানিয়া ইউনিভার্সিটি। প্রসঙ্গত, ইতিমধ্যেই আই আই ই এস টি হলে ভর্তির পদ্ধতি বেসুতে পরিবর্তন হয়ে যাবে। এ বিষয়ে উচ্চশিক্ষামন্ত্রী সুদর্শন রায়চৌধুরি কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়নমন্ত্রী অর্জুন সিংকে এই ভর্তি পদ্ধতি নিয়ে রাজ্যের আপত্তির কথা জানিয়েছেন। আই আই ই এস টি হলে এই পাঁচটি শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির জন্য আলাদা প্রবেশিকা পরীক্ষা নেওয়া হবে। রাজ্যের তাতে আপত্তি আছে। বক্তব্য, পশ্চিমবঙ্গে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তির জন্য নেওয়া হয়, সেই পরীক্ষায় সারা ভারতের ছাত্ররা বসতে পারে। তাই আলাদা প্রবেশিকা পরীক্ষার দরকার নেই। রাজ্যের আরও দাবি, পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীরা যাতে এখানে বেশি সংখ্যায় পড়তে পারে, তা-ও দেখতে হবে এবং শুধুমাত্র একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আর্থিক অনুদান দেওয়ার প্রস্তাবেও রাজ্যের আপত্তি। রাজ্য চায় কেন্দ্র এই দায়িত্ব নিজেই বহন করুক। এই পরিস্থিতির মধ্যেই এসে গেছে বেসু-র দেড়শো বছর পূর্তি অনুষ্ঠান। বেসু-র সকলেই চাইছেন সব বাধা দূর হয়ে ২৪ নভেম্বরের মধ্যেই বেসুকে আই আই ই এস টি ঘোষণা করা হোক। রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকেও এই চিঠি পাঠানো হয়েছে।

[kolkata](#) || [bangla](#) || [bharat](#) || [editorial](#) || [khela](#) || [feedback](#) || [help](#) || [archive](#) || [first page](#)

B P-7, Sector-5, Bidhannagar, Kolkata - 700091, Phone: 30110800, Fax: 23675502/5503
Copyright © Aajkaal Publishers Limited

Designed, developed & maintained by Datasoft Solutions